Department of Education
Chancellor Richard A. Carranza

26 অক্টোবর, 2020

প্রিয় পরিবারবর্গ,

বিগত মাসে, সিটির বিভিন্ন স্কুল আমি পরিদর্শন করছিলাম এবং সশরীর ও ভার্চুয়াল উভয় ক্ষেত্রেই একটি দৃঢ় কমিউনিটি অনুভূতি অনুভূত হয়েছে। আমাদের স্কুলগুলোকে শিক্ষা পরিবেশে—উভয় অভ্যন্তর ও বাহিরে—স্বাস্থ্য ও সুরক্ষা অগ্রসর করতে দেখে আমি বিশেষভাবে গর্বিত। প্রতিটি ক্লাসে আমি দেখেছি, শিক্ষার্থী ও স্টাফ সদস্যগণ একে অন্যের স্বাস্থ্য ও সুরক্ষা বজায় রাখতে, মাস্ক (নাক-মুখের মুখোশ) পড়তে, পারস্পরিক দূরত্ব বজায় রাখতে, এবং আরো কিছু করতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। আপনার সন্তান স্কুলে সপ্তাহের কিছু অংশ শিখুক কিংবা পুরোপুরি দূর থেকে (রিমোটলি) শিখুক, নিরাপদ, উচ্চ-মান সম্পন্ন শিক্ষা অভিজ্ঞতা নিশ্চিত করা আমাদের প্রথম প্রাধান্য হিসেবে রয়েছে।

আপনার সন্তানের এই বছরের শিক্ষা যাত্রা অব্যাহত থাকার পাশাপাশি তাদের অগ্রগতি সম্পর্কে আপনার একটি স্বচ্ছ ধারণা থাকা অপরিহার্য। আপনার সন্তান যেসব ক্ষেত্রে ভাল করছে এবং যেসব ক্ষেত্রে উন্নতি করতে হবে সেগুলো বুঝতে পারা এবং তার শিক্ষকের সাথে যোগাযোগ স্থাপনের জন্য গ্রেড একটি সাধারণ ভাষা প্রদান করে। কিন্তু, পুরো COVID-19 মহামারী জুড়ে আমাদের যে চ্যালেঞ্জ মোকাবিলা করতে হয়েছে, আমরা বুঝতে পেরেছি যে আমাদের গ্রেড প্রদানের নীতি হালনাগাদ করা প্রয়োজন। এই চিঠিতে, আমি 2020-21 শিক্ষা বছরের জন্য গ্রেড প্রদানের নীতি সংক্রান্ত তথ্য শেয়ার করবো।

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে আমাদের নীতি স্কুল কমিউনিটি, স্কুলের নেতৃবৃন্দ, এবং সিটির অন্য অনেক স্বার্থসংশ্লিষ্টদের মতামত প্রতিফলন করছে। আমরা সুস্পষ্টভাবে শুনেছি এবং বুঝেছি যে শিক্ষার্থীরা যখন দূর থেকে (রিমোট) ও মিশ্র শিক্ষায় (ব্লেন্ডেড লার্নিং) মানিয়ে নিচ্ছে, সেই সাথে আমাদের গ্রেড প্রদানের নীতি আমাদের শিক্ষার্থীদের শিক্ষায়তনিক ও সামাজিক-আবেগজনিত চাহিদার পূরণে অবশ্যই বিকশিত হতে হবে। নতুনভাবে শেখার পদ্ধতি মানিয়ে নিতে প্রত্যেক শিক্ষার্থীর স্বতন্ত্র অভিজ্ঞতার প্রতি দৃষ্টি রেখে, 2020-21 গ্রেড প্রদানের নীতি লক্ষ্য হচ্ছে আপনাকে আপনার সন্তানের অগ্রগতি সম্পর্কে সুস্পষ্ট চিত্র প্রদান।

2020-21 শিক্ষা বছরের গ্রেড প্রদান সম্পর্কে আপনার কী জানা প্রয়োজন

এই বছরের গ্রেড প্রদানের নীতির কিছু মূল বিষয়সমূহ নিম্নে দেয়া হলো:

- শিক্ষার্থীর গ্রেড এখনও শিক্ষায়তনিক অগ্রগতি ও কার্যসম্পাদনার উপর ভিত্তি করে হবে, এবং শিক্ষার্থীর প্রতিটি বিষয়ে সমগ্র কার্য বিবেচনা করে। গ্রেডসমূহ একটি সুনির্দিষ্ট সময়ে একটি বিষয়ে শিক্ষার্থীদের বুঝতে পারার স্তর ও দক্ষতা প্রতিফলন ঘটায়।
- এই বছর, কয়েকটি বিকল্প থেকে প্রতিটি স্কুল তাদের নিজস্ব গ্রেডের মানদণ্ড বেছে নেয়। সাধারণ গ্রেড প্রদানের মানদণ্ডের উদাহরণে অন্তর্ভুক্ত হচ্ছে 1-4 স্কেল, গাণিতিক স্কেল (100 পয়েন্ট), এবং বর্ণানুক্রম স্কেল (A-D)।
- মিশ্র (ব্লেন্ডেড) এবং দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) মডেলে শিক্ষার্থীরা কীভাবে কাজ করবে সেটার প্রতিফলন হবে স্কুলগুলোর গ্রেড প্রদানের নীতিতে। এর অর্থ হচ্ছে অ্যাসাইনমেন্টে নমনীয়তা, যা শিক্ষার্থীরা কী শিখেছে তা প্রদর্শন করার ভিন্ন উপায় প্রদান করে, এবং আরো অনেক কিছু।
- পাশ করার চূড়ান্ত গ্রেড শিক্ষার্থীর রেকর্ডে কীভাবে প্রতিফলিত হবে তা নির্ধারণে পরিবারদের নমনীয়তা রয়েছে। এটা সেসব পরিবারদের জন্য একটি বিকল্প যারা তাদের সন্তানেরা যখন মিশ্র (ব্লেন্ডেড) ও দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) অব্যাহতভাবে মানিয়ে নেয়ার পথে কার্যসম্পাদনা অধিকতর সাধারণভাবে (যেমন, একটি গাণিতিক গ্রেডের পরিবর্তে, "Pass" বা পাশ) প্রতিফলন ঘটাতে চায়।
- অতিরিক্তভাবে, যদি শিক্ষার্থীরা তাদের কোর্সের শিক্ষা অর্জন পূরণ না করে থাকে তবে তাদের ফেল গ্রেড পাবে না, এর পরিবর্তে, তারা অন্য মার্ক বা ফলাফল (গ্রেড স্তরের উপর নির্ভর করে “needs improvement (উন্নতি প্রয়োজন)” অথবা

"course in progress (কোর্স অব্যাহত রয়েছে)") depending on grade level) গ্রহণ করবে এবং তাদের কোর্সের ধারণা রপ্ত করার জন্য ও যথার্থ অনুযায়ী ক্রেডিট অর্জন করা নিশ্চিত করতে বাড়তি সময় ও সহায়তা প্রদান করা হবে।

- যদিও শিক্ষার্থীদের অবশ্যই অব্যাহতভাবে দূর থেকে (রিমোট) ও মিশ্র শিক্ষায় (ব্লেন্ডেড লার্নিং) অংশগ্রহণ করতে হবে, শিক্ষার্থীর গ্রেডে উপস্থিতি প্রযোজ্য হবে না। স্কুলে উপস্থিতি, ক্লাসে অংশগ্রহণ, এবং যেসব অপরিহার্য বিষয়সমূহ শিক্ষার্থীর শিখতে হবে সেগুলো বুঝতে পারা প্রদর্শন, এবং প্রত্যেক শিক্ষার্থী, প্রত্যেক দিন এই লক্ষ্য ধার্য করে স্কুল কমিউনিটি শিক্ষার্থীদের স্কুলে উপস্থিতি নিশ্চিত করতে সকল প্রচেষ্টা করবে।

2020-21-এর গ্রেড প্রদানের নীতির মূল বিষয়গুলোর সংক্ষিপ্তসার

গ্রেড(সমূহ)	গ্রেড প্রদানের নীতির সংক্ষিপ্তসার
3K এবং প্রি-K	কোন পরিবর্তন নেই কারণ শিক্ষার্থীরা রিপোর্ট কার্ড অথবা গ্রেড পাচ্ছে না।
K – পঞ্চম (5)	মার্কিং পিরিয়ড ও চূড়ান্ত গ্রেডসমূহের জন্য স্কুলগুলো তাদের গ্রেড প্রদানের স্কেল বেছে নেয়। ফেল গ্রেডসমূহের পরিবর্তে শিক্ষার্থীরা "needs improvement (উন্নতি প্রয়োজন)" (N) গ্রেড পাবে। পিতামাতা/অভিভাবকগণ যেকোনো পাসকৃত গ্রেড হালনাগাদ করে "meets standards (মান অর্জিত)" (MT) পাশের গ্রেড বেছে নিতে পারেন।
ষষ্ঠ (6) – অষ্টম (8)	মার্কিং পিরিয়ড ও চূড়ান্ত গ্রেডসমূহের জন্য স্কুলগুলো তাদের গ্রেড প্রদানের স্কেল বেছে নেয়। ফেল গ্রেডসমূহের পরিবর্তিত শিক্ষার্থীরা "course in progress (কোর্স অব্যাহত রয়েছে)" (NX) গ্রেড পাবে। পিতামাতা/অভিভাবকগণ যেকোনো পাসকৃত গ্রেড হালনাগাদ করে "pass (পাস)" (P) গ্রেড বেছে নিতে পারেন। শিক্ষার্থীর GPA-তে "P" গ্রেড কোনো প্রভাব ফেলবে না।
ষষ্ঠ (9) – অষ্টম (12)	মার্কিং পিরিয়ড ও চূড়ান্ত গ্রেডসমূহের জন্য স্কুলগুলো তাদের গ্রেড প্রদানের স্কেল বেছে নেয়। ফেল গ্রেডসমূহের পরিবর্তিত শিক্ষার্থীরা "course in progress (কোর্স অব্যাহত রয়েছে)" (NX) গ্রেড পাবে। পিতামাতা/অভিভাবকগণ যেকোনো পাসকৃত গ্রেড হালনাগাদ করে "credit (ক্রেডিট)" (CR) পাশের গ্রেড বেছে নিতে পারেন। শিক্ষার্থীর GPA-তে "CR" গ্রেড কোনো প্রভাব ফেলবে না।

যদি আপনার মিডল্ অথবা হাই স্কুল শিক্ষার্থী একটি "course in progress (কোর্স অব্যাহত রয়েছে)" গ্রেড পেয়ে থাকে, তবে যথাযথ গ্রেড স্তরের জন্য ও বিষয়ের ক্ষেত্রে, টার্ম শেষ হয়ে যাবার পরও তাদের শিক্ষা অব্যাহত রাখতে স্কুল তাদের সহায়তা করবে। প্রত্যেক শিক্ষার্থীর চাহিদাসমূহে তাদের স্বতন্ত্র চাহিদা অনুযায়ী শিক্ষকগণের শিক্ষা নির্দেশনা হবে তাদের প্রয়োজনের দিকে লক্ষ্য রেখে। একত্রে, এটা আপনার শিক্ষার্থীকে তার কোর্সসমূহ শেখার অগ্রগতিতে সহায়তা করবে।

যদি আপনার আরো তথ্য প্রয়োজন হয়

আপনার সন্তানের অগ্রগতি ও আপনার স্কুলের প্রত্যাশা ও গ্রেডের মানদণ্ড বা স্কেল সম্পর্কে আরো তথ্য প্রয়োজন হলে আপনার সন্তানের শিক্ষক অথবা প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগ করা উচিত। যখন আপনার সন্তানের স্কুল রিপোর্ট কার্ড ইস্যু করে, আপনার সন্তানের গ্রেড আপনার সন্তানের নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্টেও (mystudent.nyc) পাওয়া যাবে। যদি আপনার একটি নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্ট না থেকে থাকে, তাহলে schools.nyc.gov/nycsa ভিজিট করুন অথবা আরো তথ্যের জন্য আপনার সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করুন।

মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং বেছে নেয়ার সময়সীমা (অপ্ট-ইন পিরিয়ড): 2 – 15 নভেম্বর, 2020

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে পুরোপুরি দূর থেকে (রিমোট) শিক্ষা গ্রহণকারী পরিবারেরা শীঘ্রই মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং বেছে নেয়ার সুযোগ পাবে, এর অর্থ হচ্ছে সপ্তাহের কিছু দিন শিক্ষার্থীরা স্কুল ভবনে শিক্ষা গ্রহণ করবে, এবং সপ্তাহের অবশিষ্ট দিনগুলো বাড়িতে দূর থেকে বা রিমোটলি শিক্ষা গ্রহণ করবে। পরিবারদের শিক্ষা গ্রহণের পছন্দ পরিবর্তন করার ইচ্ছা জানিয়ে সোমবার, 2 নভেম্বর থেকে রবিবার, 15 নভেম্বর পর্যন্ত একটি ফর্ম পূরণ করার সুযোগ থাকবে। যেসব শিক্ষার্থী রিমোট থেকে মিশ্র বা ব্লেন্ডেড-এ পরিবর্তন করবে তাদের সশরীরে শিক্ষা শুরু করবে 30 নভেম্বর এবং 7 ডিসেম্বরের সপ্তাহে, এবং শুরুর তারিখ ও সময়সূচি তাদের স্কুল তাদের অবহিত করবে। প্রোগ্রামিং এবং স্থান সংকুলানের উপর ভিত্তি করে এই অনুরোধগুলো পূরণ করতে স্কুলগুলো সকল প্রচেষ্টা করবে।

বরাবরের মতই, আপনার সন্তানের শিক্ষায় আপনার অংশীদারিত্বের জন্য আমরা কৃতজ্ঞ। আমরা আপনার শিক্ষার্থীকে একটি দৃঢ়, সহায়তামূলক, সম্পৃক্ততার শিক্ষা অভিজ্ঞতা প্রদানে স্থির লক্ষ্য বজায় রেখেছি, তা তারা যেখান থেকেই শিক্ষা গ্রহণ করুক না কেন। এই নজিরবিহীন সময়ে, আমাদের গ্রেড প্রদানের নীতি তাদের—এবং আপনাদের—কঠোর পরিশ্রমের মূল্য দেয়। আমরা আপনি এবং আপনার সন্তানকে অব্যাহতভাবে সহায়তা দিয়ে যাব।

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন

বি.দ্র.: আরো জানতে অথবা বিশেষভাবে আমাদের স্কুলগুলোর স্বাস্থ্য ও সুরক্ষা সম্পর্কে কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে এই মঙ্গলবার সন্ধ্যা 6:30-7:30pm একটি টেলেটাউনহল বা টেলিফোনের মাধ্যমে টাউন হলে (#NYCOfficeHours) আমাদের সাথে যোগ দিন। সরাসরি বিশেষজ্ঞদের কাছ থেকে শোনার জন্যে সন্ধ্যা 6:30pm সময়ে, 1-800-280-9461 নম্বরে ফোন করুন!

Department of Education
Chancellor Richard A. Carranza

To view a copy of this document in your language, visit **schools.nyc.gov/messagesforfamilies**

للاطلاع على نسخة مترجمة من هذه الوثيقة، يرجى زيارة الرابط schools.nyc.gov/messagesforfamilies	এই ডকুমেন্টের অনুবাদকৃত সংস্করণটি দেখতে, schools.nyc.gov/messagesforfamilies ভিজিট করুন	如要查看本文件的中文譯本，請上網到 schools.nyc.gov/messagesforfamilies
Pour voir une version traduite de ce document, allez sur schools.nyc.gov/messagesforfamilies	Pou wè yon vèsyon dokiman sa a nan lòt lang, ale nan schools.nyc.gov/messagesforfamilies	이 문서의 번역본은 schools.nyc.gov/messagesforfamilies에 있습니다.
Перевод документа находится по адресу: schools.nyc.gov/messagesforfamilies	Para ver una versión traducida de este documento, visite schools.nyc.gov/messagesforfamilies	اس دستاویز کی ترجمہ شدہ اشاعت دیکھنے کے لیے ذیل پر جائیں schools.nyc.gov/messagesforfamilies